

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৬৫৫

২৬ কার্তিক ১৪২৬
তারিখ:-----
১১ নভেম্বর ২০১৯

বিষয়: বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সভার তারিখ সুনির্দিষ্টকরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ তারিখ: ০৮/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহে যথাযথ প্রত্নুতি গ্রহণ এবং সভায় অংশগ্রহণকারীগণের উপস্থিতি নিশ্চিতকরণের স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল সভাসমূহকে আইনশৃঙ্খলা, উন্নয়ন/সমরয়, রাজস্ব ও অন্যান্য-এই চারটি গুচ্ছে ভাগ করে নিয়োক্ত সময়সূচি অনুযায়ী সুনির্দিষ্ট করা হয়। এ সকল সভায় জনপ্রতিনিধি, বিভাগ, জেলা বা উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ যোগদান করে থাকেন।

ক্রম	পর্যায়	আইনশৃঙ্খলা বিষয়ক সভাসমূহ	উন্নয়ন/সমরয় বিষয়ক সভাসমূহ	রাজস্ব বিষয়ক সভাসমূহ	অন্যান্য সভাসমূহ	মন্তব্য
ক)	বিভাগীয় পর্যায়ে	মাসের তৃতীয় সোমবার	মাসের তৃতীয় সোমবার	মাসের তৃতীয় সোমবার	মাসের তৃতীয় সোমবার	বাস্তব অবস্থা অথবা কোন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী আগে বা পরে যে কোন সভার আয়োজন করা যেতে পারে।
খ)	জেলা পর্যায়ে	মাসের দ্বিতীয় রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে	মাসের তৃতীয় রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে	মাসের চতুর্থ রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে	সুবিধাজনক তারিখে	-
গ)	উপজেলা পর্যায়ে	মাসের দ্বিতীয় সোমবার সকাল ১০.০০ ঘটিকা হতে	মাসের দ্বিতীয় বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হতে	মাসের চতুর্থ সোমবার সকাল ১০.০০ ঘটিকা হতে	সুবিধাজনক তারিখে	-

০২। উল্লেখ্য, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর অনেক সময় উপরোক্ত সময়সূচি অনুসরণ না করে একই তারিখ ও সময়ে সভা/সেমিনার/ওয়ার্কশপ আহবান করছে। ফলশ্রুতিতে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে সমরয়হীনতার সৃষ্টি হচ্ছে এবং বর্ণিত সভাসমূহে অংশগ্রহণকারী/সদস্যগণের অংশগ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে।

০৩। এমতাবস্থায়, বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে উপরোল্লিখিত সভাসমূহের তারিখ ও সময়ে অন্য কোন সভা আহবান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: gfa_branch@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি:

- ১। বিভাগীয় কমিশনার . . .(সকল)
- ২। জেলা প্রশাসক . . .(সকল)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার . . .(সকল)